গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
কল্যাণ শাখা
www.mopa.gov.bd

নং ০৫.০০.০০০০.১২৩.১৯.০০১.১৫-২২৩

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ০৮ জুন ২০২২ তারিখের ৮০.০০.০০০০.৩০১ (গোপনীয়).১১.২৪৪১.২০২১-১২১ সংখ্যক স্মারকের সুপারিশ, সুরক্ষা সেবা বিভাগের প্রাকজীবন বৃত্তান্ত যাচাইয়ের সন্তোষজনক প্রতিবেদন এবং সন্তোষজনক স্বাস্থ্য প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ অনুযায়ী নিম্নবর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬,০০০-৩৮,৬৪০/- টাকা বেতনস্কেলে (১০ম গ্রেড) সরকারি কর্মচারী হাসপাতালে 'সিনিয়র স্টাফ নার্স' পদে ২নং অনুচ্ছেদে বর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

| ক্রমিক | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থীর নাম ও পিতার নাম | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|
| ০১. | ০০০১০৯ | পবিত্র চাকমা<br>পিতা: প্রেম রঞ্জন চাকমা | গ্রাম- ০৫নং প্রকল্প, ডাকঘর-ভাইবোনছড়া, উপজেলা- সদর, জেলা-খাগড়াছড়ি |
| ০২. | ০০২৯৮৯ | মোছা: রওশন আরা তুহিন<br>পিতা: মো: রইচ উদ্দিন | গ্রাম-অভিরামপুর, ডাকঘর-কাটলাহাট, থানা- বিরামপুর, দিনাজপুর |
| ০৩. | ০০০৫১৩ | নাসরিন আক্তার<br>পিতা: আব্দুস সামাদ | গ্রাম-৮৩, মসজিদপাড়া হাসপাতাল রোড, ডাকঘর+উপজেলা+জেলা-চাঁপাইনবাবগঞ্জ |

২। নিয়োগের শর্তসমূহ:

(ক) এ নিয়োগ অস্থায়ী হিসেবে বিবেচিত হবে এবং যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে।

(খ) নাগরিকত্ব বিষয়ক যোগ্যতার ক্ষেত্রে সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ এর বিধি-৪(৩)(ক) ও ৪(৩)(খ) প্রযোজ্য হবে;

(গ) সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ এর বিধি ৬(১)(ক) মোতাবেক যোগদানের তারিখ থেকে ২(দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। উক্ত বিধিমালার বিধি- ৬(২)(ক) এবং বিধি-৬ (৩) (খ) (অ) মোতাবেক শিক্ষানবিশ থাকাকালে আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে কোনো কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে কর্তৃপক্ষ তার চাকরির অবসান ঘটাতে পারবে। শিক্ষানবিশের মেয়াদ সন্তোষজনকভাবে পূর্ণ হওয়ার পর বর্ণিত বিধিমালার ৬(৩)(ক) মোতাবেক তাঁর চাকরি স্থায়ী করা হবে।

(ঘ) তাঁকে সরকার কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে এবং তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ বিশেষায়িত (Specialized) হবে;

(ঙ) প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর চাকরির জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(চ) চাকুরিতে যোগদানের সময় তাঁকে একজন জামানতদারসহ ৩০০/-(তিনশত) টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ছ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (চ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) পরবর্তীতে যে কোনো সময় সাময়িকভাবে সুপারিশকৃত কোনো প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোনো ক্ষেত্রে যেমন- চাহিদাকৃত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তাঁর সুপারিশ বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা

গ্রহণ করা হবে। তাছাড়া, চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাদেরকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাদের বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে 'সরকারি চাকুরি আইন, ২০১৮', সরকারি কর্মচারী হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭, সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০৩। উল্লিখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ০৬ জুলাই ২০২৩ তারিখের মধ্যে অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। অন্যথায় এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৪। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৯/০৬/২০২৩
(মো: নবীরুল ইসলাম)
অতিরিক্ত সচিব (প্রশাসন)
জনপ্রশাসন মন্ত্রণালয়

নং ০৫.০০.০০০০.১২৩.১৯.০০১.১৫-২২৩/২(১৪)

তারিখ: ০৫ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ / ১৯ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব,.................................................................................................।
২। অতিরিক্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩। অতিরিক্ত সচিব (এপিডি/প্রশাসন/সওব্য/সিপিটি/শৃংখলা ও তদন্ত/আইন/বিধি/সংস্কার ও গবেষণা), জনপ্রশাসন মন্ত্রণালয়।
৪। পরিচালক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
৫। যুগ্মসচিব (সওক), জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৬। উপসচিব, সচিবালয় নিরাপত্তা শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয় (নির্ধারিত তারিখে প্রার্থীদের সচিবালয়ে প্রবেশের অনুমতি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮। চীফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
৯। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১০। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রজ্ঞাপনটি মুদ্রণপূর্বক উক্ত গেজেটের ৫০ (পঞ্চাশ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
১১। সিনেয়র সিস্টেমস এনালিস্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। হিসাবরক্ষক, সরকারি কর্মচারী হাসপাতাল, ফুলবাড়িয়া, ঢাকা।
১৩। জনাব/বেগম ..........................................................................................।
১৪। অফিস কপি।

১৯/০৬/২০২৩
(ফারজানা জামান)
উপসচিব